



রাংগুনিয়া সরকারি কলেজ

স্থাপিত : ১৯৬৩খ্রি.

রাংগুনিয়া, চট্টগ্রাম-৪৩৬০।

অধ্যক্ষের কার্যালয়



Website: www.ranguniacollege.edu.bd , E-mail: info@ranguniacollege.edu.bd

নং-২০২১/

তারিখ : ২২ আগস্ট, ২০২১খ্রি.

২০২০-২০২১ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের [২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থী] ৬ষ্ঠ সপ্তাহের অ্যাসাইনমেন্ট জমা দেওয়া সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা কলেজের ২০২০-২০২১ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির বিভিন্ন বিভাগের শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, চলমান কোভিড-১৯ অতিমারির কারণে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে শিক্ষার্থীদের শিখন কার্যক্রমে পুরোপুরি সম্পৃক্তকরণ ও ধারাবাহিক মূল্যায়নের আওতায় এনসিটিবি কর্তৃক প্রণীত অ্যাসাইনমেন্ট কার্যক্রম ১৪ জুন, ২০২১ খ্রি. থেকে শুরু হয়েছে। এরই অংশ হিসেবে অ্যাসাইনমেন্ট গ্রীড অনুযায়ী ৬ষ্ঠ সপ্তাহের অ্যাসাইনমেন্ট মূল্যায়ন রুব্রিক্সসহ প্রকাশ করা হয়েছে। ৬ষ্ঠ সপ্তাহের অ্যাসাইনমেন্ট কার্যক্রম ২৩ আগস্ট, ২০২১খ্রি. সোমবার থেকে শুরু হবে। অ্যাসাইনমেন্ট কলেজ অফিস-এর পাশাপাশি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর ওয়েবসাইট www.dshe.gov.bd, কলেজের ওয়েবসাইট ও রাংগুনিয়া সরকারি কলেজ অফিসিয়াল ফেসবুক পেইজ থেকেও সংগ্রহ করা যাবে।

করোনা ভাইরাস (COVID-19) এর সংক্রমণ রোধে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধিনিষেধ অনুসরণপূর্বক [মাস্ক পরিধান, নির্দিষ্ট দূরত্ব বজায় রাখা, হ্যান্ড স্যানিটাইজ করা ইত্যাদি] কলেজে এসে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী স্ব স্ব বিভাগের দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের নিকট বাধ্যতামূলক অ্যাসাইনমেন্ট জমা দেওয়ার জন্য পরামর্শ দেয়া হলো।

৬ষ্ঠ সপ্তাহের অ্যাসাইনমেন্ট জমা দেওয়ার সময়সূচি

তারিখ	সময়	বিভাগ	বিষয় ও অ্যাসাইনমেন্ট নম্বর
২৮-০৮-২০২১ শনিবার	সকাল ১০ টা থেকে দুপুর ১ টা	বিজ্ঞান	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১) রসায়ন ১ম পত্র (১)
২৯-০৮-২০২১ রবিবার	সকাল ১০ টা থেকে দুপুর ১ টা	ব্যবসায় শিক্ষা	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম পত্র (১)
৩১-০৮-২০২১ মঙ্গলবার	সকাল ১০ টা থেকে দুপুর ১ টা	মানবিক	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১) ইতিহাস ১ম পত্র (১) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম পত্র (১) ইসলাম শিক্ষা ১ম পত্র (১)

বি.দ্র. : শিক্ষার্থীদের কলেজ অফিস চলাকালীন সময়ে আগামী ৩১ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে অফিসে যোগাযোগ করে সমুদয় বকেয়া টিউশন ফি পরিশোধ করে কলেজের সার্বিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য নির্দেশ দেওয়া গেল।

(এ. কে. এম. সুজা উদ্দীন)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।